

DATE: 24 NOVEMBER , 2023

VENUE: SHADHINOTA SHOMMELON KENDRO, DAFFODIL SMART CITY, ASHU



ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটিতে ডিআইইউ জবউৎসব শুরু

উচ্চ শিক্ষার একটি অন্যতম প্রধান লক্ষ্য হলো দক্ষ ও যোগ্য মানব সম্পদ তৈরির মাধ্যমে জাতীয় অস্থীনিতিতে অবদান রাখা। এই লক্ষ্য নিয়েই বক্তব্যার থেকে ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটিতে দ্বিতীয় বারের মতো আয়োজন করা হয়েছে বাংলাদেশের অন্যতম বৃহৎ জবউৎসব 'ডিআইইউ জবউৎসব ২০২৩'। সাভারের বিশ্ববিদ্যালয়ের ড্যাফোডিল স্মার্ট সিটিতে বিশ্ববিদ্যালয়ের স্থায়ীনতা সম্মেলন কেন্দ্রে দুই দিনবাপী এই আয়োজনের উদ্বোধন করেন শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব সাইফ উদ্দীন আহমেদ। বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ডক্টর এম লুৎফুর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠানে বক্তব্য রাখেন ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির ট্রান্সিপ্ট বোর্ডের চেয়ারম্যান ডক্টর মো. সবুর খান, ড্যাফোডিল পরিবারের প্রধান নির্বাহী কর্মকর্তা ডক্টর মোহাম্মদ নুরুজ্জামান।

উদ্বোধন পরবর্তী "বাংলাদেশের অস্থীনিতিক অবস্থার পর্যালোচনা: প্রভাবশালী শিল্পের জন্য অন্তর্দৃষ্টি" শীর্ষক প্রেসিডেন্টস টক সেশনে প্যানেল ডিসকাসেন্ট হিসেবেটে প্রতিষ্ঠিত ছিলেন ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) এর সভাপতি সামীর সাওর, বেসিসের সভাপতি রাসেল টি আহমেদ, বাংলাদেশ কম্পিউটার সমিতির সভাপতি ইঞ্জিনিয়ার সুব্রত সরকার, বাংলাদেশ হিউম্যান সোসাইটি ফর হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট (বিএসএইচ আরএম) এর সভাপতি মাশেকুর রহমান খান, সিটিও ফোরামের প্রতিষ্ঠাতা ও

সভাপতি তপন কল্পি সরকার এবং আইআইএফসি'র নির্বাহী পরিচালক জিসিম উদ্দীন। অনুষ্ঠান সঞ্চালনা করেন ক্যারিয়ার ডেভেলপমেন্ট সেন্টারের পরিচালক ডক্টর তানভীর ফিল্ডিন আবীর। জবউৎসবে ২০০টি প্রতিষ্ঠানের নিয়োগকর্তারা প্রায় ৩০০০ চাকরি এবং প্রায় ১০০০টি ইন্টার্নশিপ অফার নিয়ে উপস্থিত হন। দুদিনের এই জবউৎসবে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন ডিপার্টমেন্টের চূড়ান্ত বর্ষের কিংবা সম্প্রতি গ্র্যাজুয়েশন সম্পর্ক করা কমপক্ষে ৪২০০ চাকরি প্রত্যাশী অংশগ্রহণ করে। এছাড়াও এই জবউৎসবে ২০৪০০ শিক্ষার্থীর মূল্যায়ন প্রশিক্ষণ, অন-ক্যাম্পাস জব, ইন্টার্নশিপ, চাকরি পরিবর্তন, কর্মসংস্থানের দক্ষতা পরীক্ষা এবং অ্যালামনাই ও বিভিন্ন প্রতিষ্ঠানের সঙ্গে নেটওয়ার্ক তৈরির সুযোগ সৃষ্টি হয়। আর এ আয়োজনের নলেজ পার্টনার হিসেবে রয়েছে গো-এডু, এইচআরডিআই এবং এডমিশন ডট এসি।

উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিরিক্ত বক্তব্যে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব সাইফ উদ্দীন আহমেদ বলেন, 'বিশ্বায়নের এ যুগে প্রযুক্তি ও করিগরি দক্ষতার পাশাপাশি সফট স্কিলসমূহ বর্তমান চাকরি বাজারের প্রধান হাতিয়ার।' তিনি একুশ শতকের চালেঞ্জ মোকাবিলাস্ব লেখাপড়ার পাশাপাশি শিক্ষার্থীদের এ দক্ষতা অর্জনের ওপর ওরুকু দেওয়ার আহ্বান জানান। সংবাদ বিজ্ঞপ্তি